



গণতন্ত্র ও স্বাধীনতার চেতনার ধারক জিয়া পরিবার: সংসদে পার্থ



আন্দালিভ রহমান পার্থ। ছবি: সংগৃহীত

জিয়া পরিবারকে দেশের গণতন্ত্র ও স্বাধীনতার প্রতীক হিসেবে উল্লেখ করেছেন আন্দালিভ রহমান পার্থ। তার মতে, বর্তমান রাজনৈতিক বাস্তবতায় এই পরিবারই গণতান্ত্রিক ধারার কেন্দ্রবিন্দু হয়ে উঠেছে।

মঙ্গলবার (২৮ এপ্রিল) জাতীয় সংসদে বক্তব্য দিতে গিয়ে তিনি বলেন, ১৯৪৭ সালের গুরুত্ব অস্বীকার করা যায় না, তবে ১৯৭১ আমাদের জাতিসত্তা, অর্জন ও গৌরবের মূল ভিত্তি। এই দুটি সময়কে এক কাতারে ফেলা ঠিক নয়। একইভাবে ১৯৫২, ১৯৪৭ ও ১৯৭১—প্রতিটি ঐতিহাসিক অধ্যায়ের নিজস্ব তাৎপর্য ও সৌন্দর্য রয়েছে।

মুক্তিযুদ্ধের প্রসঙ্গ তুলে তিনি বলেন, জাতিকে বিভক্ত না করার কথা বলা হলেও বাস্তবতা হলো—স্বাধীনতা কোনো শূন্য লড়াইয়ের ফল নয়। এটি এসেছে বিশ্বাসঘাতক শক্তির বিরুদ্ধে সংগ্রামের মধ্য দিয়ে। সেই ইতিহাসের আলোচনা তাই প্রাসঙ্গিক থাকবেই।

সরকারের সমালোচনা করে পার্থ আরও বলেন, আওয়ামী লীগ সরকারের সময়ে কৃত্রিম সংকট সৃষ্টি করে দুর্নীতির সুযোগ তৈরি করা হয়েছে। প্রশাসনের বিভিন্ন স্তর দুর্বল করে দেওয়া হয়েছে। বিসিএস নিয়োগ প্রক্রিয়ায় অনিয়ম হয়েছে, এমনকি যাচাই-বাছাইয়ে বাদ পড়াদের ঘুষের বিনিময়ে পুনরায় নিয়োগ দেওয়ার অভিযোগও রয়েছে।